


দাতা সংস্থা, স্টেকহোল্ডার, শুভাকাঙ্ক্ষী ও অংশীজনদের সংগ্রাম'র পক্ষ থেকে ইংরেজি নতুন বছরের

শুভেচ্ছা ও অভিনন্দন

সংখ্যা ৭৩

সংগ্রাম বার্তা

একটি উপকূলীয় উন্নয়ন সাময়িকী

২১তম বর্ষ | ডিসেম্বর ২০২৫


## "দক্ষ উদ্যোক্তা তৈরি হলে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন সম্ভব"

-অতিরিক্ত সচিব আহসান কবীর

"দক্ষ হওয়ার জন্য প্রয়োজন প্রশিক্ষণ। আর এই প্রশিক্ষণকে নিশ্চয়ই কাজে লাগাতে হবে। বাংলাদেশে অন্তত দশ কোটি তরুণ-তরুণীদের সঠিক দক্ষতা সম্পন্ন উদ্যোক্তা তৈরি করতে পারলে, তাহলেই সম্ভব এই দেশটাকে অর্থনৈতিক ও সামাজিকভাবে উন্নত করা। পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর কারিগরি ও আর্থিক সহযোগিতায় এবং সংগ্রাম কর্তৃক বাস্তবায়িত ও আয়োজিত (Recovery and Advancement of Informal Sector Employment (RAISE) প্রকল্পের কমিউনিটি আউটরিচ সভায় আগত তরুণ-তরুণীদের উদ্দেশ্যে অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে অর্থ মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগ এর অতিরিক্ত সচিব মোঃ আহসান কবীর এসব কথা বলেন। তিনি আরও বলেন- "জোড় করে দক্ষতা অর্জণ করানো যায় না। এজন্য প্রয়োজন নিজের আগ্রহ ও সর্বোচ্চ চেষ্টা। তাহলেই আপনাদেরকে আমরা প্রতিষ্ঠিত করতে পারব। আপনি অন্তত এক-দুই




*RAISE প্রকল্পের কমিউনিটি আউটরিচ সভায় বক্তব্য দিচ্ছেন অর্থ মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগ এর অতিরিক্ত সচিব জনাব মোঃ আহসান কবীর*

বছর মনযোগ সহকারে প্রশিক্ষণ গ্রহণ করে যে দক্ষতা অর্জণ করবেন, তা নিশ্চয়ই পরবর্তী জীবন পরিচালনার ক্ষেত্রে কাজে লাগবে। তাই নিজেকে গড়তে সকল তরুণ ও তরুণীদের এ প্রকল্পের সাথে যুক্ত হওয়ারও আহ্বান জানান তিনি।" মঙ্গলবার (১১ নভেম্বর) বরগুনার আমতলী উপজেলার পৌরসভা মাঠে সংগ্রাম কর্তৃক আয়োজিত RAISE প্রকল্পের কমিউনিটি আউটরিট সভায় বরিশাল বিভাগ'র অন্যতম এনজিও সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচি) এর প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম এর সভাপতিত্বে ও প্রকল্পটির কো-অর্ডিনেটর প্রতিভা বিকাশ সরকার এর সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন- সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন। এসময় বিশেষ অতিথির বক্তব্য রাখেন- অর্থ মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগ এর উপসচিব মুহাম্মদ আমিন শরীফ, পিকেএসএফ'র মহাব্যবস্থাপক ও RAISE প্রকল্পের সমন্বয়কারী দিলীপ কুমার চক্রবর্তী, আমতলী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ রোকনুজ্জামান খান, পিকেএসএফ'র ব্যবস্থাপক গোলাম জিলানী, এনএসএস এর নির্বাহী পরিচালক শাহাবুদ্দিন পান্না।

## প্রতিবন্ধি দিবসে ইউএনও'কে স্মারকলিপি প্রদান

"প্রতিবন্ধিতা অর্ন্তভূক্তিমূলক সমাজ গড়ি, সামাজিক অগ্রগতি ত্বরান্বিত করি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে বরগুনার পাথরঘাটায় আন্তর্জাতিক ও জাতীয় প্রতিবন্ধী দিবস ২০২৫ উদ্যাপন করা হয়েছে। এ উপলক্ষ্যে ৩ ডিসেম্বর র‌্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পাথরঘাটা উপজেলা প্রশাসন, সমাজসেবা কার্যালয়, জাতীয় প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র -এর যৌথ আয়োজনে এ প্রতিবন্ধী দিবস পালিত হয়। নেদারল্যান্ডস ভিত্তিক উন্নয়ন সহযোগী লিলিয়ানা ফোন্ডস্ এর অর্থায়নে সিডিডি'র সহায়তায় বেসরকারি উন্নয়ন সংস্থা সংগ্রাম দিবসটি পালন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন- পাথরঘাটা উপজেলা নির্বাহী অফিসার মো. মিজানুর রহমান। আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীল রতন সরকার, পাথরঘাটা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র -এর কনসালটেন্ট মোঃ আরিফুর রহমান, উপজেলা প্রকৌশলী জিন্নাত জাহান, শমীরন মন্ডল, সমাজসেবা কর্মকর্তা মোঃ মহসিন হোসেন, প্রাথমিক শিক্ষা অফিসার মুনিরুল ইসলাম। বক্তব্য রাখেন সাংবাদিক মির্জা খালেদ, সংগ্রাম এর পরিচালক (প্রশিক্ষণ) মাসউদ সিকদার, সহকারী পরিচালক (কর্মসূচি) এ এন এম আশরাফ উদ্দিন, প্রতিবন্ধী যুব নারী লামিয়া। এতে সংগ্রাম-ম্যাপইন সিবিআর প্রকল্পের অংশীজন প্রতিবন্ধী শিশু ও যুব, কেয়ারগিভার, সরকারি বিভিন্ন সেবাদানকারী সংস্থার প্রতিনিধিবৃন্দ অংশ নেন। অনুষ্ঠান শেষে উপজেলা নির্বাহী অফিসারকে প্রতিবন্ধী শিশুদের অধিকার ও সুরক্ষা বিষয়ক স্মারকলিপি প্রদান করা হয় এবং অত্র স্মারকলিপি যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের অনুরোধ জানানো হয়।



*প্রতিবন্ধী ব্যক্তির অধিকার প্রতিষ্ঠা ও সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যেপাথরঘাটার উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট স্মারকলিপি প্রদান*

## বামনায় ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানে সম্মাননা প্রদান

পিকেএসএফ'র অর্থায়নে এবং সংগ্রাম'র সমৃদ্ধি কর্মসূচির আয়োজনে ২৮ জুন বামনা সরকারি ডিগ্রী কলেজে অনুষ্ঠিত হয়েছে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান, সম্মাননা প্রদান, ম্যারাথন দৌড়, সাইকেল র‍্যালি। অনুষ্ঠান স্থলে আকর্ষণীয় ছিল উন্নয়ন মেলা। শিশুদের আমাদের পাঠশালা, স্বাস্থ্য কর্মীদের স্বাস্থ্য সঙ্গী, কিশোরীদের স্টল, যুবদের স্টল, প্রবীণদের স্টলে দিনভর দর্শনার্থীদের ব্যাপক উপস্থিতি ছিল। বিভিন্ন সাজে সজ্জিত ম্যারাথন দৌড়, সাইকেল র‍্যালি ছিল আরো আকর্ষণীয়। মেধা মননে সুন্দর আগামী তৈরির প্রত্যয়ে শ্রেষ্ঠ সমাজকর্মী, শ্রেষ্ঠ সঙ্গীতজ্ঞ, শ্রেষ্ঠ ক্রীড়াবিদ, শ্রেষ্ঠ সংবাদকর্মী, শ্রেষ্ঠ পিতা, শ্রেষ্ঠ সন্তান, শ্রেষ্ঠ যুব নারীদের সম্মাননা প্রদান করা হয় এ অনুষ্ঠানের মাধ্যমে। বরগুনা জেলার বামনা সরকারি কলেজ প্রাঙ্গণে গুণিজন সংবর্ধনা, ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগ্রাম এর প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম -এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন-বামনা বেগম ফাইজুন্নেছা মহিলা কলেজ এর অধ্যক্ষ মোঃ হাবিবুর রহমান। বিশেষ অতিথি ছিলেন- ম্যান ফর ম্যান এর নির্বাহী পরিচালক এম, এ, মতিন আকন্দ, বামনা সরকারি কলেজ এর প্রভাষক গৌতম রায়, বামনা ফয়জুন্নেছা বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক কাজী শাহানা ফেরদৌস, সাংবাদিক নাসির মোল্লা প্রমুখ।




*ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানে বক্তব্য রাখছেন সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম*



*জলবায়ু বিপদাপন্নতা ও পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ*

## 'জলবায়ু বিপদাপন্নতা ও পরিবেশ ব্যবস্থাপনা' বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

পিকেএসএফ এবং বিশ্ব ব্যাংকের সহযোগিতায় সংগ্রাম কতৃর্ক বাস্তবায়িত ঋগঅজঞ প্রকল্পের আওতায় ১৫ ডিসেম্বর শুঁটকি প্রক্রিয়াজাতকরণ ও ট্রেডের উদ্যোক্তাদের নিয়ে 'জলবায়ু বিপদাপন্নতা ও পরিবেশ ব্যবস্থাপনা' বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সংগ্রাম প্রধান কার্যালয়ের হলরুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ উদ্বোধন করেন- সংগ্রাম এর প্রতিষ্ঠাতা চৌধুরী মোহাম্মদ মাসুম। প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন বরগুনার পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক হায়াত মাহমুদ রকিব; বরগুনা পলিটেকনিক ইনস্টিটিউটের পরিবেশ প্রযুক্তি বিভাগের ইন্সট্রাক্টর মো: মনিরুজ্জামান রুমান। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন স্থানীয় সাংবাদিক, শুঁটকি উদ্যোক্তা এবং প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## রিফ্রেশার প্রশিক্ষণ অনুষ্ঠিত

পিকেএসএফ এবং বিশ্ব ব্যাংকের সহযোগিতায় সংগ্রাম কতৃর্ক বাস্তবায়িত SMART প্রজেক্ট এর আওতায় ১১ অক্টোবর দিনব্যাপী সংগ্রাম'র ১১টি ব্রাঞ্চ'র ম্যানেজার, হিসাব রক্ষক ও মাঠকর্মীদের নিয়ে "Staff Capacity Building Refreshers Training" অনুষ্ঠিত হয়েছে। এর উদ্বোধন করেন- সংগ্রাম এর নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- সংগ্রাম'র পরিচালক (প্রশিক্ষণ) মোঃ মাসউদ সিকদার, সহকারী পরিচালক (ঋণ) মোঃ ফয়সাল আহম্মদ ও সহকারী পরিচালক (প্রোগ্রাম) এ এন এম আশরাফ উদ্দীন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন- প্রকল্প ব্যবস্থাপক মোঃ আবদুল্লাহ আল মামুন। প্রকল্পটির মাধ্যমে সঠিক শুঁটকি উদ্যোক্তাদের নির্বাচন করে তাদের মাঝে ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণেরো নির্দেশনা প্রদান করা হয়।




*SMART প্রকল্পের মানবসম্পদ উন্নয়ন রিফ্রেসার প্রশিক্ষনে বক্তব্য রাখছেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক*

## প্রতিবন্ধী যুবদের এক্সপোজার ভিজিট

দশ জন প্রতিবন্ধী যুব 'ম্যাপ ইন সিবিআর' প্রকল্পের আওতায় পাথরঘাটা ও বরগুনার বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জন করেছে। ২১ ডিসেম্বর তারা পাথরঘাটায় প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সমাজসেবা অধিদপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সদর ইউনিয়ন পরিষদ পরিদর্শন করে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে মতবিনিময় করে। এর মাধ্যমে তারা প্রতিবন্ধী সেবা, বিভিন্ন প্রকল্পে যুব অন্তর্ভুক্তির প্রক্রিয়া ও সুযোগ সম্পর্কে জ্ঞান লাভ করে। দ্বিতীয় দিন ২২ ডিসেম্বর বরগুনায় অবস্থিত দৃষ্টি প্রতিবন্ধী ব্রেইল হাফিজিয়া মাদ্রাসা, সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) সরেজমিন পর্যবেক্ষণ করে। এই সফরগুলোর মাধ্যমে যুবরা সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোতে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিদ্যমান সেবা, প্রশিক্ষণ ও সম্পৃক্ততার চিত্র সরাসরি জানতে পেরে সক্ষমতা অর্জন করে এবং ভবিষ্যতে নিজেদের উন্নয়ন ও প্রশিক্ষণ গ্রহন এবং কর্মসংস্থানে সম্পৃক্ত হওয়ার জন্য প্রেরণা ও দিকনির্দেশনা লাভ করে।




*কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ভিজিট করছে ম্যাপ ইন সিবিআর প্রকল্পের প্রতিবন্ধী যুবগণ*

## বরগুনায় বিশ্ব খাদ্য দিবসে র‍্যালি ও আলোচনা

SMART প্রজেক্ট কর্তৃক আয়োজিত বিশ্ব খাদ্য দিবস উদযাপন করা হয়েছে। এ উপলক্ষ্যে ১৬ অক্টোবর সকাল সাড়ে ৯টার দিকে বরগুনা প্রেসক্লাব'র সামনে থেকে একটি র‍্যালি বের হয়ে শহরের প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে শহীদ স্মৃতি সড়কে সংগ্রাম প্রধান কার্যালয়ের সামনে এসে শেষ হয়। পরে সংগ্রাম এর সম্মেলন কক্ষে বিশ্ব খাদ্য দিবসে 'হাত রেখে হাতে উত্তম খাদ্য ও উন্নত আগামীর পথে' এই প্রতিপাদ্যকে সামনে রেখে আলোচনা সভায় মিলিত হয়। বিশ্ব খাদ্য দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন- বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা মো: মহসীন। সংগ্রাম এর নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন এর সভাপতিত্বে ও SMART প্রজেক্ট এর এমআইএস অফিসার সাইফ হাসান মামুন এর সঞ্চালনায় খাদ্য দিবসের আলোচনা করেন- প্রজেক্ট ম্যানেজার আব্দুল্লাহ্ আল মামুন ও টেকনিক্যাল অফিসার মো: নুরুজ্জামান। বিশ্ব খাদ্য দিবসের আলোচনা সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- সোনার বাংলা যুব ক্লাব এর সদস্যবৃন্দ, সংগ্রাম এর কর্মকর্তাবৃন্দ ও বিভিন্ন মিডিয়ার গণমাধ্যমকর্মী। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের সহযোগীতায় ও ওয়ার্ল্ড ব্যাংকের অর্থায়নে সংগ্রাম এই প্রকল্প বাস্তবায়ন করছে।



*বিশ্ব খাদ্য দিবস ২০২৫ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বরগুনা জেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা*

## উদ্যোক্তা নির্বাচনে কমিউনিটি আউটরিচ সভা অনুষ্ঠিত



*কমিউনিটি আউটরিচ সভার উদ্বোধন করছেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক*

বরগুনা ও পটুয়াখালীর বেকার তরুণ তরুণি ও তরুণ ক্ষুদ্র উদ্যোক্তাদের আত্মকর্মসংস্থানের কার্যক্রম বাস্তবায়ন করার লক্ষ্যে বরগুনায় সংগ্রাম'র প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে প্রচারণামূলক সভা অনুষ্ঠিত হয়। PKSF ও বিশ্ব ব্যাংকের আর্থিক সহযোগিতায় সংগ্রাম কর্তৃক RAISE প্রকল্পের মাধ্যমে ১৫ অক্টোবর সংগ্রাম প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-বরগুনা টিটিসি এর অধ্যক্ষ এস এম সুলতান মাহমুদ। এতে বিশেষ অতিথি ছিলেন-জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক মোজাম্মেল হক, সিয়াম ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক আরিফ হোসাইন। এ প্রকল্পের মাধ্যমে প্রকল্প এলাকায় স্থানীয় জনগোষ্ঠীর পাশাপাশি প্রকল্পের লক্ষ্যিত জনগোষ্ঠীকে প্রকল্প সম্পর্কিত বিষয়ে তথ্য প্রদান ও তাদের চাহিদামাফিক সেবা গ্রহণে উদ্বুদ্ধ করা, নিম্ন আয়ের পরিবারভুক্ত তরুণদের RAISE প্রকল্পের শিক্ষানবিশি কার্যক্রমের আওতায় সম্ভাবনাময় শিক্ষানবিশ হিসেবে নির্বাচন এবং পিছিয়ে পড়া তরুণ ক্ষুদ্র উদ্যোক্তা নির্বাচন করা ও উপযুক্ত শিক্ষানবিশ ও তরুণ ক্ষুদ্র উদ্যোক্তা নির্বাচনপূর্বক তাদের প্রোফাইলিং সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করা হয়।

## বরগুনা টিটিসি'র সাথে সংগ্রাম'র প্রতিবন্ধী শিশু ও যুবকদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সাথে প্রতিবন্ধী শিশু ও যুবকদের অন্তর্ভুক্তিমূলক ও প্রবেশগম্য দক্ষতা প্রশিক্ষণ শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সংগ্রাম'র আয়োজনে এবং সিডিডি'র সহযোগিতায় ও লিলিয়ানা ফোন্ডস্ এর অর্থায়নে ২৫ সেপ্টেম্বর বরগুনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) এর হলরুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-বরগুনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) এর অধ্যক্ষ এস এম সুলতান মাহমুদ। প্রশিক্ষণ কেন্দ্রের বিভিন্ন ট্রেডের ইনস্ট্রাক্টরবৃন্দ। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন-সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন। সংগ্রাম এর সহকারী পরিচালক (প্রোগ্রাম) এ এন এম আশরাফ উদ্দিন এর সঞ্চালনায় প্রতিবন্ধী শিশু ও যুবকদের কমিউনিটি ভিত্তিক পুনর্বাসনের সকল ক্ষেত্রে অর্থপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণ প্রকল্প সম্পর্কে বিভিন্ন তথ্যবহুল তথ্যচিত্র উপস্থাপন করেন- সেন্টার ফর ডিজঅ্যাবিলেটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি) এর প্রোগ্রাম ম্যানেজার এসএম আলি হাসনাইন ফাতমি। প্রকল্পটি জানুয়ারি ২০২৫ থেকে ২০২৯ সাল পর্যন্ত পাথরঘাটা সদর উপজেলায় ০ থেকে ২৫ বছর বয়সী প্রতিবন্ধী শিশু ও যুবদের নিয়ে কাজ করছে।



*কারিগরি প্রশিক্ষণে প্রতিবন্ধী যুবক-যুবতীদের সম্পৃক্ত করার লক্ষ্যে টিটিসি কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় উপস্থিত আছেন সিডিডি'র প্রতিনিধি ও সংগ্রাম' নির্বাহী পরিচালক*



*ওরিয়েন্টেশনে বিষয়ভিত্তিক আলোচনা করছেন সহাকারী পরিচালক (ঋণ)*

## উপকূলীয় অঞ্চলে নিরাপদ স্যানিটেশন নিশ্চিতে সংগ্রাম শাখা ব্যবস্থাপকদের নিয়ে ওরিয়েন্টেশন

দক্ষিণাঞ্চলের উপকূলবর্তী জেলা বরগুনা। এ জেলায় নিরাপদ পানি ও স্যানিটেশন এগিয়ে নিতে সংগ্রাম টিএমএসএস এর সহযোগিতায় Water Credit Adaptation Program (WCAD) প্রকল্প বাস্তবায়ন করছে। এর আওতায় ৬ ডিসেম্বর বরগুনায় সংগ্রাম প্রধান কার্যালয়ের হল রুমে ৫০ ব্রাঞ্চ শাখা ব্যবস্থাপককে ওরিয়েন্টেশন প্রদান করা হয়েছে। Water.org -এর অর্থায়নে সংগ্রাম কর্মএলাকায় নিরাপদ পানি ও স্যানিটেশন কর্মসূচী বাস্তবায়ন'র লক্ষ্যে এ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টশনে উপস্থিত ছিলেন-সংগ্রাম প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ। ওরিয়েন্টেশন পরিচালনা করেন ঋণ কর্মসূচির পরিচালক মো: হুমায়ুন কবীর। এ প্রকল্পের আওতায় ৩ বছরে ১৮ হাজার পরিবারকে নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত লেট্রিন নির্মাণের জন্য সহজ শর্তে ৯৭.১৫ কোটি টাকা ঋণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

সংগ্রাম বার্তা

# তারুণ্যের উৎসবে সংগ্রাম'র আয়োজন




তারুণ্যের উৎসবে 'বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্প' উদ্বোধন

তারুণ্যের উৎসব ২০২৫ আরো মানুষের কাছে পৌঁছে দেয়ার প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য ১৯ অক্টোবর থেকে ২ নভেম্বর ২০২৫ সময়কাল 'গ্রাহক সেবা পক্ষ' হিসেবে ঘোষণা করা হয়। তরুণদের শক্তিকে কাজে লাগিয়ে সংগ্রাম জেলা পর্যায়ে বিভিন্ন স্বেচ্ছাসেবকদের সমন্বয়ে এবং সংগ্রাম বাস্তবায়িত সমৃদ্ধ কর্মসূচির কিশোর-কিশোরী ক্লাব ও উন্নয়নে যুব সমাজ-এর উদ্যোগে 'গ্রাহক সেবা পক্ষ' উৎসবমুখর পরিবেশে বিভিন্ন কর্মকান্ড আয়োজন করেছে।




বামনা ডিগ্রী কলেজে গাছের চারা বিতরণ

কর্মকান্ডের মধ্যে ছিলো সংগ্রাম-এ সেবা কক্ষ তৈরি ও সেবাদান, তরুণদের জোটবদ্ধ করার মাধ্যমে 'গ্রাহক সেবা পক্ষ'বাস্তবায়ন করা, মাদক বিরোধী ক্যাম্পেইন, স্বাস্থ্যক্যাম্প পরিচালনা, স্ট্যাটিক ও স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান, পরিস্কার পরিচ্ছন্নতার জন্য ডাস্টবিন স্থাপন, বাল্য বিবাহ প্রতিরোধমূলক আলোচনা সভা, প্রতিষ্ঠানের প্রাঙ্গনে বৃক্ষ রোপণ, সামাজিক ব্যাধি প্রতিরোধমুলক অভিযান, অসংক্রামক ব্যাধি প্রতিরোধমুলক ক্যাম্পেইন ও সেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজন, পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান। গ্রাহক সেবা পক্ষ' উপলক্ষে সেবা প্রাপ্তি সহজ করার লক্ষ্যে সংগ্রাম প্রধান কার্যালয়ে একটি সেবা কক্ষ তৈরি করে। এর মাধ্যমে ৪৪ জনকে সেবা প্রদান করা হয়। বরগুনার ২২ তরুণকে কমিটিভূক্ত করে তারুণ্যের যুব সমাজ নামে একটি স্বেচ্ছাসেবক কমিটি গঠন করে এবং বরগুনার কর্মকান্ড বাস্তবায়ন করে। 'গ্রাহক সেবা পক্ষ' এর একটি গুরুত্বপূর্ণ কর্মকান্ড ছিল মাদক বিরোধী ক্যাম্পেইন। তারুণ্যের যুব সমাজ তাদের স্বেচ্ছাসেবকদের সংগঠিত করে ক্যাম্পেইন পরিচালনা করে। এর উপর ভিত্তি করে একটি লিফলেট তৈরি ও প্রিন্ট করা হয়। লিফলেট বিতরণ ও পথসভা করা হয়। ২১ আগস্ট ২০২৫ তারিখে বরগুনা সরকারি মহিলা কলেজে স্বাস্থ্য ক্যাম্প পরিচালনা করা হয়েছে। এতে ১৪২ জন নারী শিক্ষার্থী সেবা গ্রহন করেছে। সংগ্রাম'র সমৃদ্ধি কর্মসূচির আওতায় পাথরঘাটা এবং বামনায় ৫ টি স্যাটেলাইট ক্লিনিক আয়োজন করা হয়।




স্টেটিক ক্লিনিক-এর আওতায় প্রাথমিক স্বাস্থ্য সেবা কার্যক্রম



বরগুনা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ মহিউর রহমান ডাস্টবিন গ্রহণ করছেন

এতে ১৩৮ জন রোগী সেবা গ্রহন করেছেন। এছাড়া ১৮ টি স্ট্যাটিক ক্লিনিক আয়োজন করা হয়। এতে ১১ জন গর্ভবতী, ২৬ জন শিশু রোগী এবং ৭৪ জন সাধারণ রোগী সেবা গ্রহন করেন। সংগ্রাম হেল্‌থকেয়ার সেন্টারের মাধ্যমে ১১ জন শিশু, ১৭১ জন রোগীকে বিনামূল্যে এমবিবিএস ডাক্তারের মাধ্যমে চিৎিসা সেবা প্রদান করা হয়েছে। ৮৪ জন রোগীর প্যাথলজিক্যাল পরীক্ষায় ৫০% ছাড় দিয়ে বিভিন্ন রকমের পরীক্ষা করা হয়েছে। বরগুনা আবর্জনামুক্ত শহর তৈরির উদ্দেশ্যে সংগ্রাম থেকে ৬টি ডাস্টবিন বিভিন্ন প্রতিষ্ঠানে প্রদান করা হয়। বরগুনা সরকারি মহিলা কলেজ মিলনায়তনে অধ্যক্ষ প্রফেসর মোহাম্মাদ আবদুল মালেক-এর সভাপতিত্বে ২১ আগস্ট ২০২৫ তারিখ বাল্য বিবাহ প্রতিরোধমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ২৩ অক্টোবর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২২০টি ফলজ বৃক্ষ চারা রোপণ করা হয় এবং বেড়া দিয়ে অনিষ্টকারী গরু-ছাগলের উপদ্রব থেকে রক্ষার জন্য ব্যবস্থা গ্রহন করা হয়।



মাদকবিরোধী সচেতনতামূলক লিফলেট বিতরণ

২৩ অক্টোবর বামনা ও পাথরঘাটায় "সামাজিক ব্যাধি প্রতিরোধমূলক অভিযান" অনুষ্ঠিত হয়। ২৭ অক্টোবর খলিফার হাট বাজারে এবং ২৭ অক্টোবর বামনা উপজেলার ৫০ সয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ "পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান" অনুষ্ঠিত হয়। এই উৎসবের মাধ্যমে বরগুনার তরুণকে একটি প্ল্যাটফর্মে এনে জাতীয় উন্নয়নের লক্ষ্যে ঐক্যবদ্ধ করার সুযোগ তৈরি হয়েছে এবং উৎসবটি তরুণদের সৃজনশীল চিন্তাধারা ও উদ্ভাবনী শক্তি বিকাশের সুযোগ তৈরি করেছে।

**পৃষ্ঠপোষক : চৌধুরী মুনীর হোসেন**

**নির্বাহী সম্পাদক : চৌধুরী মোহাম্মাদ মঈন, সম্পাদক : মো. মাসউদ সিকদার, বার্তা সম্পাদক : মো. সানাউল্লাহ রিয়াদ, গ্রাফিক্স : মো. আরিফ মিয়া**

**ইনফরমেশন সেল, সংগ্রাম, শহীদ স্মৃতি সড়ক, বরগুনা থেকে প্রকাশিত। ফোন : +৮৮ ০২৪৭৮৮৮৬৮২৮**

E-mail: contact@sangram.ngo, Facebook: facebook.com/ngosangram, youtube.com/SangramNgo, Website: www.sangram.ngo